চট্টগ্রাম প্রান্তে জমে যাওয়া আইসিডিমুখী আমদানি পণ্যবাহী কন্টেইনার জাহাজযোগে পানগাঁও আইসিটিতে এনে ডেলিভারি প্রদানের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ডেপুটি ট্রাফিক ম্যানেজার (আইসিডি) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ ডেপুটি ট্রাফিক ম্যানেজার আইসিডি |
| তারিখ | ঃ ০৭-০৮-২০১৯ খ্রিঃ |
| সময় | ঃ ১১:০০ ঘটিকা |
| স্থান | ঃ ডেপুটি ট্রাফিক ম্যানেজার এর দপ্তরের সভাকক্ষ। |

উপস্থিতির তালিকা পরিশিষ্ট-'ক' তে দ্রষ্টব্য।

ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উল্লেখ করেন যে, চট্টগ্রাম প্রান্তে জমে যাওয়া আইসিডিমুখী আমদানি পণ্যবাহী কন্টেইনার জাহাজযোগে পানগাঁও আইসিটিতে এনে ডেলিভারি প্রদানের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রজ্ঞাপন জারির পর এখনো পর্যন্ত আমদানিকারক কিংবা তাঁদের প্রতিনিধিদের কাছ থেকে কন্টেইনারের তালিকাসহ অনুরোধপত্র শিপিং এজেন্ট বরাবরে প্রেরণ শুরু হয়নি। তিনি আবারও পরিষ্কারভাবে উল্লেখ করেন যে, প্রজ্ঞাপন অনুযায়ী কমলাপুর আইসিডি ঘোষিত কন্টেইনার পানগাঁও আইসিটিতে আনয়নের জন্য সংশ্লিষ্ট শিপিং লাইন বরাবরে আমদানিকারক সরাসরি কিংবা সিএন্ডএফ এজেন্ট এর মাধ্যমে কন্টেইনার নম্বর উল্লেখপূর্বক তালিকা প্রদান করে অনুরোধ জানাবেন। উক্ত অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট শিপিং লাইন কন্টেইনারের তালিকাসহ টার্মিনাল ম্যানেজার, চবক বরাবরে অনুরোধ করবেন এবং অনুলিপিতে কমিশনার, কাস্টম হাউজ পানগাঁও, এবং কমিশনার, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর এবং টার্মিনাল ম্যানেজার, পানগাঁও-কে রাখবেন। এসকল পত্র প্রদানে বন্ধের দিন কিংবা ছুটির দিন বিবেচনা করে বসে না থাকারও পরামর্শ প্রদান করেন। তিনি এ বিষয়ে কোন প্রকার দূর্বোধ্যতা থাকলে উপস্থিত সকলকে খোলাখুলি আলোচনার আহবান জানান।

ঢাকা কাস্টম এজেন্টস্ এসোসিয়েশনের সহ-সভাপতি, জনাব মোঃ লোকমান হাকিম এবং সাধারণ সম্পাদক জনাব মোঃ ফারুক আলম আলোচ্য ক্ষেত্রে শিপিং এজেন্ট বাড়তি কোন চার্জ আদায় করবে কি-না এ বিষয়টি স্পষ্টিকরণ না হওয়ায় অনেকের মধ্যে সংশয় বিরাজ করছে বলে উল্লেখ করেন।

মার্কস বাংলাদেশের উপস্থিত প্রতিনিধি জনাব কামরুল হাসান উল্লেখ করেন যে, তাঁরা এ বিষয়ে সম্পূর্ণ প্রস্তুতি নিয়ে রেখেছেন। কেউ আবেদন করে সাড়া পাননি এমন কেউ কি আছেন এ মর্মে প্রশ্ন রাখেন।

এপিএল এর প্রতিনিধি জনাব মোঃ হারুণ-আল-রশিদ উল্লেখ করেন যে, এক্ষেত্রে আমদানিকারককে বাড়তি কোন চার্জ প্রদান করতে হবে না। অন্যান্য উপস্থিত শিপিং এজেন্ট প্রতিনিধিরাও উল্লেখ করেন যে, কোন শিপিং এজেন্টই এ সমস্যা থেকে উত্তরণের জন্য নির্দিষ্ট সময়ের জন্য গৃহীত পদক্ষেপ হিসাবে কমলাপুর আইসিডি ঘোষিত কন্টেইনার পানগাঁও আইসিটিতে এনে ডেলিভারি প্রদানে সহযোগীতার ক্ষেত্রে ট্যারিফ বহির্ভূত কোন বাড়তি চার্জ আদায় করবে না।

এক্ষণে, এ বিষয়ে সকল ধরণের সংশয় দূর হয়েছে মর্মে উল্লেখ করে সভাপতি বলেন যে, তালিকা পেলে আইসিডি ঘোষিত আমদানি পণ্যবাহী কন্টেইনার পানগাঁও আইসিটিতে পৃথক জাহাজ যোগে প্রেরণের কার্যক্রম শুরু করা হবে। ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকারি ছুটির দিনগুলোতেও তা অব্যাহত থাকবে। পবিত্র ঈদ এর দিন ব্যতীত সকল দিবসেই চট্টগ্রাম বন্দর, কমলাপুর আইসিডি ও পানগাঁও, আইসিটির অপারেশনাল কার্যক্রম বিশেষতঃ লোডিং-আনলোডিং নিরন্তর চালু থাকে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নমতে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কমলাপুর আইসিডি ঘোষিত কন্টেইনার পানগাঁও আইসিটিতে আনয়নের জন্য সংশ্লিষ্ট শিপিং লাইন বরাবরে আমদানিকারক সরাসরি কিংবা সিএন্ডএফ এজেন্ট এর মাধ্যমে কন্টেইনার নম্বর উল্লেখ পূর্বক তালিকা প্রদান করে অনুরোধ জানাবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।

২. অনুরোধ পেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শিপিং লাইন কন্টেইনারের তালিকা সহ টার্মিনাল ম্যানেজার, চবক বরাবরে জাহাজযোগে পানগাঁও প্রেরণের অনুরোধ করবেন এবং একই পত্রে কমিশনার, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর ও কমিশনার, কাস্টম হাউজ পানগাঁও, এবং টার্মিনাল ম্যানেজার, আইসিটি, পানগাঁও-কে অনুলিপি প্রদান করবেন। আলোচ্য ক্ষেত্রে সাপ্তাহিক ছুটির দিন কিংবা বন্ধের দিন বিবেচনা করার কোন প্রয়োজন নেই।

৩. আলোচ্য ক্ষেত্রে শিপিং এজেন্টগণ আমদানিকারকের কাছ থেকে বাড়তি কোন চার্জ আদায় করবেন না।

৪. ডেলিভারি প্রদানের পর খালি হওয়া কন্টেইনার পানগাঁও আইসিটি ট্যারিফ অনুযায়ী ১০ (দশ) দিন ফ্রি টাইম ভোগ করবে। শিপিং এজেন্ট চাইলে নিয়মানুযায়ী উক্ত কন্টেইনারে রপ্তানিপণ্য বোঝাই করতে পারবেন, খালি হিসাবে চট্টগ্রাম শিপমেন্ট করতে পারবেন, কমলাপুর আইসিডিতে স্থানান্তর করতে পারবেন এবং এসএপিএল টার্মিনালেও স্থানান্তর করতে পারবেন।

পরিশেষে, তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(আহমেদুল করিম চৌধুরী)
ডেপুটি ট্রাফিক ম্যানেজার
আইসিডি, কমলাপুর, ঢাকা

নং-ডিটিএম/আইসিডি/ঢাকা/সভা সংক্রান্ত/১৬৭/২০১৯/৪৫৬ তারিখঃ ০৭-০৮-২০১৯খ্রিঃ

বিতরণঃ- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৩. টার্মিনাল ম্যানেজার, আইসিটি, পানগাঁও, ঢাকা।
৪. টার্মিনাল ম্যানেজার, চবক, চট্টগ্রাম।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম।
৬. প্রেসিডেন্ট, বাংলাদেশ কন্টেইনার শিপিং এজেন্ট এসোসিয়েশন, ঢাকা।
৭. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা।
৮. মার্কস বাংলাদেশ লিঃ, ঢাকা।
৯. এপিএল বাংলাদেশ লিঃ, ঢাকা।
১০. পিআইএল (বিডি) লিঃ, ঢাকা।
১১. মার্কো শিপিং কোঃ (বিডি) লিঃ, ঢাকা।
১২. ওশেন নেটওয়ার্ক এক্সপ্রেস লিঃ, ঢাকা।
১৩. জিবিএক্স লজিষ্টিক্স বাংলাদেশ লিঃ, ঢাকা।
১৪. ট্রাইডেন্ট শিপিং লিঃ, ঢাকা।
১৫. কন্টিনেন্টাল ট্রেডার্স বাংলাদেশ লিঃ, ঢাকা।
১৬. ট্রান্সমেরিন লজিষ্টিক্স লিঃ, ঢাকা।

বিতরণঃ- সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক (ট্রাফিক), চবক চট্টগ্রাম।
২. পরিচালক (নিরাপত্তা), চবক চট্টগ্রাম।
৩. পি এ টু চেয়ারম্যান, চবক। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

(মোহাম্মদ ইকবাল হোসেন)
ট্রাফিক অফিসার
আইসিডি, কমলাপুর, ঢাকা

## পরিশিষ্ট-ক

চট্টগ্রাম প্রান্তে জমে যাওয়া আইসিডিমুখী আমদানি পণ্যবাহী কন্টেইনার জাহাজযোগে পানগাঁও আইসিটিতে এনে ডেলিভারি প্রদানের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে অদ্য ০৭-০৮-২০১৯ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার উপস্থিতিঃ

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | Md. Faruk Alam | G. S. DCAA | 01711-520277 | [signature] |
| ২. | Md. Lukman Hakim | VP DCAA. | 01711566437 | [signature] |
| ৩. | MD-ASADUZZAMAN KHAN | MANAGER | 01715-238282 | [signature] |
| ৪. | KAMRUL HASAN | Sales Manager | 01729216617 | [signature] |
| ৫. | K.M. SHAMEEM | Sealand. MANAGER | 01715 43825 | [signature] |
| ৬. | MD. IQBAL HOSSAIN | TO | 0183-0045-226 | [signature] 07/08/19 |
| ৭. | Md. Golam Kadir Bhuiyan | SROA | 01919803252 | [signature] |
| ৮. | Manjur Jamil | ONE | 01713-657478 | [signature] 7/8/19 |
| ৯. | MD. HARUN-AL-RASHID | APL | 01711400207 | [signature] |
| ১০. | | | | |
| ১১. | | | | |
| ১২. | | | | |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |

CHITTAGONG PORT AUTHORITY
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
২০১৮-২০১৯ইং